গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন -২ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩১.১৫.৪৭৮ তারিখঃ ২২ আষাঢ় ১৪২৪ / ০৬ জুলাই ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, পিতা-মৃত কছিম উদ্দিন আকন্দ গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র; এবং

যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন এবং জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা , গাজীপুর সিটি কর্পোরেশন এর বিরুদ্ধে গাজীপুর জেলার জয়দেবপুর থানার ফৌজদারী মামলা নং-৫৬(৬)১৬ জি আর নং ৭৬৩/১৬ হতে উদ্ভূত (বিশেষ মামলা নং ০২/১৭, বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, গাজীপুর), ধারা: দ:বি: ৪০৯/১০৯/৪৬৭/৪৬৮/৪৭১ ও ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলা দায়ের হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত মামলায় অধ্যাপক এম এ মান্নান এর বিরুদ্ধে মেয়র পদে দায়িত্ব পালনকালে সিটি কর্পোরেশনের ত্রাণ ও দরিদ্র তহবিলের আয়সমূহ কোন ব্যাংক হিসাবে না রেখে নিয়ম বহির্ভুতভাবে ক্যাশ-ইন-হ্যান্ড হিসাবে জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা এর নিকট রাখেন এবং তাঁরা পরস্পর যোগসাজসে ক্ষমতার অপব্যবহার, প্রতারণা ও অপরাধমূলক বিশ্বাস ভংগ এবং টাকা গ্রহীতার স্বাক্ষরবিহীন ৯৯৯ (নয়শত নিরানব্বই) টি ভূয়া ভাউচার সৃজন করে গাজীপুর সিটি কর্পোরেশনের মোট ৪৯,০১,৮৪৮/-(উনপঞ্চাশ লক্ষ এক হাজার আটশত আটচল্লিশ) টাকা আত্মসাৎ করেন মর্মে অভিযোগ করা হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত মামলায় আসামীদ্বয় (১) অধ্যাপক এম এ মান্নান, মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন এবং (২) জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন এর বিরুদ্ধে দায়েরকৃত অভিযোগের বিষয়ে তদন্তকালে সিটি কর্পোরেশনের ৬(ছয়) জন কর্মকর্তা-কর্মচারী সহ মোট ৮(আট) জন সাক্ষী সাক্ষ্য প্রমাণ দিয়েছেন এবং তদন্ত শেষে প্রাথমিক সত্যতার ভিত্তিতে মামলার অভিযোগপত্র (নং ৩৫, তারিখ: ১২/১/২০১৭) ১২ জানুয়ারি ২০১৭ তারিখে বিজ্ঞ বিশেষ জজ আদালত, গাজীপুর-এ দাখিল হয়েছে; এবং

যেহেতু, দ:বি: ৪০৯/১০৯/৪৬৭/৪৬৮/৪৭১ ও ১৯৪৭ সালের দুর্নীতি দমন প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দাখিলকৃত অভিযোগপত্রটি (নং ৩৫, তারিখ: ১২/১/২০১৭) বিজ্ঞ বিশেষ জজ আদালত, গাজীপুর কর্তৃক গত ১৮/০১/২০১৭ তারিখে গৃহীত হয়েছে; এবং

যেহেতু, একই অভিযোগে অভিযুক্ত উক্ত মামলার আসামী জনাব মোঃ গোলাম কিবরিয়া, হিসাব রক্ষণ কর্মকর্তা কে গাজীপুর সিটি কর্পোরেশনের স্মারক জিসিসি/প্রশাঃ/সাধাঃ/২০১৭/৫৬৫/১, তারিখ: ০৮ নভেম্বর ২০১৬ মূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে; এবং

যেহেতু, অধ্যাপক এম এ মান্নান, ক্ষমতার অপব্যবহার, প্রতারণা, অপরাধমূলক বিশ্বাস ভংগ ও অর্থ আত্মসাৎ এর অভিযোগে অভিযুক্ত হয়েছেন এবং অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে, যা সিটি কর্পোরেশনের মেয়র এর নৈতিক মানদন্ড ও ভাবমূর্তির পরিপন্থী এবং এ অবস্থায় মেয়র হিসেবে দায়িত্ব পালন করলে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের নৈতিক মনোবল ক্ষুণ্ন হওয়া, সাক্ষ্য প্রমাণাদি বিনষ্ট বা ক্ষতিগ্রস্থ হওয়া এবং গুরুত্বপুর্ণ সাক্ষীগণের সাক্ষ্য প্রভাবিত হওয়ার যৌক্তিক আশংকা রয়েছে। এ প্রেক্ষিতে, তাঁর দ্বারা মেয়র এর ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী এবং জনপ্রতিনিধি হিসাবে জনসেবায় নিয়োজিত থাকা প্রশাসনিক দৃষ্টিকোণ হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলরের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্তকরণের বিধান রয়েছে।

সেহেতু, উপর্যুক্ত বিষয়াদি বিবেচনায় গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অধ্যাপক এম এ মান্নান-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৬.৭.২০১৭

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব
ফোনঃ ৯৫১১৬০৩
ই-মেইল: dscc2.lgd.gov@gmail.com

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩১.১৫.৪৭৮ তারিখঃ ২২ আষাঢ় ১৪২৪ / ০৬ জুলাই ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
(৩) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) অধ্যাপক এম এ মান্নান, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
বর্তমান ঠিকানা: ৩৯৮(৩য় তলা), লেইন-৬, ডিওএইচএস বারিধারা, ঢাকা-১২০৬।
(৫) বিভাগীয় কমিশনার, ঢাকা।
(৬) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
(৮) যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) জেলা প্রশাসক, গাজীপুর।
(১১) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হল**)।
(১২) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল**)।।
(১৫) অফিস কপি।

০৬.৭.২০১৭

(মোঃ শহীদুল ইসলাম)
উপসচিব